



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী দারিদ্র্য বিমোচন কর্মসূচী
"পল্লী ভবন"

৫, কাওরান বাজার, ঢাকা।
website: www.rpap.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০১.১৮.০১১.৯৪.৬০৮

তারিখঃ ১০/১২/২০১৭খ্রিঃ

অফিস আদেশ

অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ বদলী, বিভাগীয় মামলা, কর্মস্থলে অনপুষ্টি, চাকুরিতে পুনঃবহাল এবং অনিয়মতান্ত্রিক ছুটিসহ বিভিন্ন বিষয়ে চাকুরি সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি-বিধান ও নিষেধ অমান্য করে সরাসরি সদর কার্যালয়ে আবেদন দাখিল করছেন। তাছাড়া চাকুরি নিয়মবিধি অনুসরণ না করে এসব ক্ষেত্রে প্রায়শঃই বিভিন্ন মহলের সুপারিশ সংগ্রহ এবং টেলিফোন/মোবাইলে সরাসরি কর্তৃপক্ষকে ফোন করায় কর্তৃপক্ষকে প্রায় বিব্রত অবস্থায় পড়তে হয়। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত বিভিন্ন মহলের সুপারিশ সম্বলিত আবেদন দাখিল এবং সরাসরি প্রকল্প পরিচালককে ফোন করায় কর্মসূচীর স্বাভাবিক কার্যক্রম তথা প্রশাসনিক কাজে বিঘ্ন হচ্ছে।

২। আরো জানা যায় যে, মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক তাদের বিভিন্ন সমস্যাবলীর বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন দাখিল করা হলেও সংশ্লিষ্ট দপ্তরসমূহের কোন কোন কর্মকর্তা যথাসময়ে সেগুলি প্রকল্প পরিচালক বরাবর অগ্রায়ন করা হয় না বা অগ্রায়নে বিলম্ব করা হয়ে থাকে। ফলে মাঠ পর্যায়ের সমস্যা সম্পর্কে কর্তৃপক্ষ যথাসময়ে অবহিত না হওয়ায় তা নিষ্পত্তির বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নিতে/দিতে পারছেন না। এতেও কর্মসূচীর স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

৩। এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, (ক) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত কোন মহলের সুপারিশ সম্বলিত আবেদন সরাসরি পদাবিক সদর দপ্তরে প্রেরণ না করার জন্য বলা হলো; (খ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত মাঠ পর্যায় বা কোন মহল কর্তৃক সরাসরি প্রকল্প পরিচালক বরাবর টেলিফোন/মোবাইল ফোন না করার জন্য নির্দেশ দেয়া হলো, এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করা হবে; এবং

৪। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক বিভিন্ন বিষয়ে দাখিলকৃত আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প পরিচালক বরাবর প্রয়োজনীয় সুপারিশ/মন্তব্যসহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণের নিমিত্ত সুপারিশকারী দপ্তর প্রধানগণকে অনুরোধ জানানো হলো।

৫। কর্মসূচীর স্বার্থে এ আদেশ জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।



এ.কে.এম. শফিকুল ইসলাম
প্রকল্প পরিচালক(পদাবিক)
বিআরডিবি, ঢাকা।


E-mail: info@rpap.brdb.gov.bd

তারিখঃ ১০/১২/২০১৭খ্রিঃ

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০১.১৮.০১১.৯৪.৬০৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি----- (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য)।
- ২। উপপরিচালক, বিআরডিবি জেলা দপ্তর,----- (পদাবিকভুক্ত)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৪। সংশ্লিষ্ট নথি।



শরিফুল ইসলাম
সহকারী পরিচালক(পদাবিক)
বিআরডিবি, ঢাকা।